

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৯২

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/২০. খাঞ্চা ও দস্তরখানে আহার করা

بَابِ الْأَكْلِ عَلَى الْخِوَانِ وَالسُّفْرَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، حَدَّثَنَا أَبِي، عَنْ يُونُسَ بْنِ أَبِي الْفُرَاتِ الْفُرَاتِ الْإِسْكَافِ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ مَا أَكَلَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - عَلَى خوانٍ وَلاَ فِي سُكُرُّ جَةٍ . قَالَ فَعَلاَمَ كَانُوا يَأْكُلُونَ قَالَ عَلَى السُّفَرِ .

বাংলা

১/৩২৯২। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনও কোন উঁচু জিনিসের উপর থালা রেখে আহার করেননি।। কাতাদা (রাঃ) বলেন, তাহলে তারা কিসের উপর রেখে খেতেন? তিনি (আনাস) বলেন, দস্তরখানের উপর রেখে।

English

It was narrated from Qatadah, that Anas bin Malik said:

"The Prophet (ﷺ) never ate from a dish or from an individual plate." He said: "From where did he eat?" He said: "From the dining sheet."

ফুটনোট

ইবনু মাজাহ ৩২৯৩, সহীহুল বুখারী ৫৩৮৫, ৫৩৮৬, ৫৪১৫, তিরমিয়ী ১৭৮৮, ২৩৬৩, আহমাদ ১১৮৮৭, ১১৯১৬, ১১৯৬৫, ১৩১৯৮, মুখতাসারুশ শামাইল ১২৭।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুআয বিন হিশাম সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, আমি তার একটি মাজলিসের ১৭ টি হাদিস ব্যাতিত তার থেকে কোন হাদিস গ্রহন করিনি। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ করেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সত্যবাদী তবে হুজ্জাহ নয়। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৬০৩৮, ২৮/১৩৯ নং পৃষ্ঠা)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন